

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

অনুশীলন পত্র (সিনিয়র মাদ্রাসা)

বিষয় -- বাংলা

শ্রেণি -- দশম

১। কম-বেশি ২০ টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলির উত্তর লেখো:

১.১ "তপন যেন কোথায় হারিয়ে যায় এইসব কথার মধ্যে।" -- কোন্ কথার মধ্যে তপন হারিয়ে যায় ?

১.২ তপনের লেখা কোন্ গল্প কোথায় প্রকাশিত হয় ?

১.৩ "সে জানত না" -- সে কী জানত না ?

১.৪ "সেখানে ছড়িয়ে রইল" -- কোথায় কী ছড়িয়ে রইল ?

১.৫ "কলম তাদের কাছে আজ অস্পৃশ্য।" -- কলম কাদের কাছে আজ কেন অস্পৃশ্য ?

১.৬ "আমাদের ইতিহাস নেই।" -- একথা বলা হয়েছে কেন ?

১.৭ "সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।।" -- 'শেষ পুণ্যবাণী'টি কী ?

১.৮ "প্রাচীরেরা বলতেন --"। -- প্রাচীরেরা কী বলতেন ?

১.৯ ব্যতীহার কর্তা কাকে বলে ? উদাহরণ দাও।

১.১০ বিভক্তি কাকে বলে ?

১.১১ অনুসর্গ কাকে বলে ? অনুসর্গের অন্য নাম কী ?

১.১২ সমধাতুজ কর্ম কাকে বলে ? উদাহরণ দাও।

১.১৩ অ-কারক কাকে বলে ?

২। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর লেখো:

২.১ "মেসোর উপযুক্ত কাজ হবে সেটা।" -- কোন্ কাজের কথা বলা হয়েছে ? সে কাজ শেষপর্যন্ত উপযুক্ত ছিল কিনা লেখো।

২.২ 'অসুখী একজন' কবিতায় দেবতাদের কী পরিণতি হল ? এ ঘটনা কীসের সাক্ষ্য দেয় ?

২.৩ "আমাদের পথ নেই কোনো" -- 'আমাদের' বলতে কাদের কথা বলা হয়েছে ? উক্তিটির তাৎপর্য লেখো।

২.৪ "আমাদের ছিল সহজ কালি তৈরি পদ্ধতি।" -- এই পদ্ধতির বর্ণনা দাও।

৩। কম-বেশি ১৫০ শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর লেখো:

৩.১ "সত্যিই তপনের জীবনের সুখের দিনটি এল আজ ?" -- কখন তপনের এরূপ উপলব্ধি হয়েছিল ? এই 'সুখের দিনটি' তপনের কাছে শেষপর্যন্ত কীরূপে ধরা দিয়েছিল তা সংক্ষেপে লেখো।

৩.২ 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতায় কবি কাদের 'বেঁধে বেঁধে' থাকতে বলেছেন ? কবি 'বেঁধে বেঁধে' থাকার প্রয়োজনীয়তা অনুভব করেছেন কেন তা কবিতা অনুসরণে লেখো।

৩.৩ "আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে।" -- কোন্ জিনিস আজ অবলুপ্তির পথে বলে প্রাবন্ধিক মনে করেছেন ? তাঁর আশ্চর্য হবার কারণ কী ?

৩.৪ চলিত গদ্যে বঙ্গানুবাদ করো:

The real heroes are those whom the world does not know. They work among the poor, among the distressed. They can not expect any reward from them. They are moved by the sufferings of others and their main objects is to relieve those sufferings. This is the work of love. They do not hanker after fame, nor do they want position or money.

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় প্রশ্নগুলির উত্তর লিখবে এবং মাদ্রাসা খুললে শিক্ষক/শিক্ষিকার কাছে জমা দেবে।

বাড়ির ভেতরে করলে বাস, দূর হঠবে করোনা ভাইরাস।